মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/২০১৫/৭৪৪ তারিখঃ ১৩/১০/২০১৫ খ্রি.।

বিষয় ঃ জিয়ানগর ডিগ্রী কলেজ এর নাম পরিবর্তনের প্রতিবেদন।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা: ৯/বিবিধ-১৫/২০১১ (অংশ-১)/৩১৯, তারিখঃ ২৬ জুলাই ২০১৫ খ্রি.।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১৯৯৪ সনে পিরোজপুর জেলার সদর উপজেলাধীন তৎকালীন ইন্দুরকানী থানায় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের উদ্যোগে 'ইন্দুরকানী কলেজ' নামে একটি কলেজ প্রতিষ্ঠিত হয়। যশোর শিক্ষা বোর্ড কর্তৃক ৩০.১১.১৯৯৫ সনে কলেজটিকে 'ইন্দুরকানী কলেজ' নামে স্বীকৃতি প্রদান করা হয়। ২০০২ সনে তৎকালীন কলেজ পরিচলনা পরিষদ শিক্ষা প্রতিষ্ঠানের নামকরণ নীতিমালা অনুসরন না করে কোন অনুদান ছাড়াই কলেজটির নাম পরিবর্তন করে 'জিয়ানগর ডিগ্রী কলেজ' নামকরণ করা হয়। এ নাম পরিবর্তনে মন্ত্রণালয়ের কোন অনুমোদন নেই। কলেজের দলিলে 'ইন্দুরকানী কলেজ' উল্লেখ আছে।

এ প্রেক্ষিতে এলাকার জণগণের সম্মিলিত দাবী এবং কলেজ পরিচালনা পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ কলেজের নামকরণ নীতিমালা অনুযায়ী কলেজের নাম পরিবর্তন করে পূর্বের নামে 'ইন্দুরকানী কলেজ' রাখার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করেছে।

উল্লিখিত প্রেক্ষাপটে কলেজের নথি এবং কলেজের নামে প্রদেয় দলিলে কলেজটির প্রতিষ্ঠাকালীণ নাম 'ইন্দুরকানী কলেজ' পুর্নবহাল করা জন্য সুপারিশ করছি।

প্রফেসর মুঃ জিয়াউল হক (৭০৩৮)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল
মোবাইল নম্বরঃ ০১৭১১-৫৪৬৯৫৩
ই-মেইলঃ barisalboard@gmail.com

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযুক্তঃ ০১। স্বীকৃতি পত্রে ইন্দুরকানী কলেজ উল্লেখ আছে।
০২। তৎকালীণ দলিলে ইন্দুরকানী উল্লেখ আছে।

১৬/৬৪